মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব পরিবেশ দিবস পালন

“করবো ভূমি পুনরুদ্ধার রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এ স্লোগানকে সামনে রেখে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর সহযোগিতায়, মুজিবনগর উপজেলা চত্বর থেকে মুজিবনগর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিন শেষে পরিষদ চত্তরে শেষ হয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে বিশ্ব পরিবেশ দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষক লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান রাজীব, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, উপজেলাপ্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুড।

র্যালি ও আলোচনা সভায় উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এনজিও কর্মী এবং সাধারণ জনগণ অংশগ্রহণ করে।

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযানে ২৫০ গ্রাম গাঁজা সহ রকিবুল নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

আজ বুধবার (৫ জুন) বিকেলের মেহেরপুর শহরের ওয়াপদা পাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক রকিবুল ওয়াপদা পাড়ার হবির ছেলে।

জানা গেছে, গোপন সূত্রে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল শহরের ওয়াবদা সড়কে রকিবুলের বাড়ি তল্লাশি করেন। এ সময় পলিথিনে মোড়ানো ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করে। এবং রকিবুলকে আটক করেন।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে রকিবুলের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে হিরোইনসহ আটক ১

মেহেরপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে হিরোইনসহ জসীম উদ্দীন নামের এক জন আটক।

আজ মঙ্গলবার বিকালে সদর উপজেলার হরিরামপুর বাজিতপুর সড়ক থেকে তাকে আটক করা হয়। আটক জসীম উদ্দীন সদর উপজেলার বাজিতপুর গ্রামের এমাদুলের ছেলে।

জানা গেছে, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেমের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর বাজিতপুর সড়কে অভিযান চালান।
এ সময় জসিমকে আটক করার পর তার কাছ থেকে ৬ গ্রাম হেরোইন উদ্ধার

করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

“বাংলাদেশের ষাট ভাগ সিমেন্টের চাহিদা মেটাবে বসুন্ধরা গ্রুপ”- এসকে জাহিদ

মেহেরপুর জেলা শহরে দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্টের শুভ হালখাতা ১৪৩১ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৪ জুন) দুপুরে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্টের পরিবেশক জি. এন এন্টারপ্রাইজ ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী মো: গোলাম শহীদ (শাহেদ) ও মো: গোলাম মোর্শেদ (চন্দন) এর নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানে শুভ হালখাতা অনুষ্ঠানের আয়োজন করেন।

শুভ হালখাতা আয়োজন উপলক্ষ আয়োজিত সংক্ষিপ্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মোঃ গোলাম শহিদ(শাহেদ)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বসুন্ধরা গ্রুপের সিমেন্ট সেক্টরের ডিএমডি এস কে জাহিদ।

প্রধান অতিথির বক্তব্যে, বসুন্ধরা গ্রুপের ডিএমডি এসকে জাহিদ বলেন, দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের কোনো পণ্যের মানের দিক থেকে কখনো কম্প্রোমাইজ করেনা। এই গ্রুপের চেয়ারম্যান যেটা ধরেন সেটাতেই সোনা ফলে। তিনি বলেন, বসুন্ধরা গ্রুপের প্রোডাকশন প্লান আরো উন্নত করা হচ্ছে। আগামীতে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্ট বাংলাদেশের চাহিদার শতকরা ষাট ভাগ মেটাবে। দেশের সব সিমেন্ট কোম্পানী বন্ধ হলেও আগামী ১০০ বছরে বসুন্ধরার সিমেন্ট উৎপাদন বন্ধ হবেনা।

ব্যবসায়ীদের বসুন্ধরা গ্রুপের সাথে ব্যবসা আরও সস্প্রসারণ করার আহবান জানিয়ে তিনি বলেন, আগামীতে বসুন্ধরা গ্রুপ রড ফ্যাক্টরি স্থাপন করবে।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সিএসও শাহ জামাল সিকদার, সাউথ বেঙ্গলের ডিজিএম শাহাদাত হোসাইন, জোনাল হেড জাফরুল ইসলাম, ডিভিশনাল ম্যানেজার মুশফিকুর রহমান, এরিয়া ম্যানেজার মাসুদ সালাউদ্দিন।

হালখাতা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মোঃ গোলাম শহীদ(শাহেদ) ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজের পরিবেশক মোঃ গোলাম মোরশেদ (চন্দন) বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কোম্পানীর স্থানীয় রিটেইলার বৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ী বৃন্দ এবং স্থানীয় ঠিকাদার বৃন্দ। উক্ত অনুষ্ঠানে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্ট এর গুণগত মান এবং ধারাবাহিক ঐতিহ্য সহ বাংলাদেশের উন্নয়নশীল প্রকল্পে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্যান্ড সিমেন্ট এর অবদান তুলে ধরা হয় ।

উক্ত অনুষ্ঠানে রিটেইলার বৃন্দদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এর আগে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।

গাংনীতে সপ্তম শ্রেনীর ছাত্রীকে যৌণ হয়রানির অভিযোগ শিক্ষকের বিরুদ্ধে

গাংনী উপজেলার বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের শারীরিক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌণ হয়রানির অভিযোগ উঠেছে। তবে, এ ধরনের গুরতর অভিযোগ ওঠার পরেও অভিযুক্ত শিক্ষক মিরাজুল ইসলামের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেইনি বিদ্যালয় কতৃর্পক্ষ।

ওই শিক্ষকের নাম মিরাজুল ইসলাম। তিনি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও

[redacted]

[redacted]

কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মুজিবনগরে নবনির্বাচিত চেয়ারম্যানদের সংবর্ধনা ও দায়িত্ব গ্রহণ অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সংর্বধনা অনুষ্ঠান, দায়িত্ব হস্তান্তর ও দায়িত্ব গ্রহণ এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা পরিষদের আয়োজনে, উপজেলা পরিষদ মিলনায়তনে এই সংবর্ধনা দায়িত্ব হস্তান্তরের দায়িত্ব গ্রহণ এবং সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক এবং মহাজনপুর ইউনিয়নের ৩ বারের নির্বাচিত (সাবেক) চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিনুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষকলীগের সভাপতি বিএম জাহিদ হাসান রাজিব, মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনসহ উপজেলা আওয়ামী লীগ, যুবমহিলালীগ, কৃষকলীগ সহ আওয়ামী লীগ এবং এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

অনুষ্ঠানে উপজেলা পরিষদের পক্ষ হতে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের ফুলেল শুভেচ্ছা দিয়ে সংবর্ধনা জানান উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

পরে নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের হাতে পরিষদের দায়িত্ব হস্তান্তর করা হয় এবং নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান আগামী পাঁচ বছরের জন্য উপজেলা পরিষদের দায়িত্বভার গ্রহণ করেন।

অনুষ্ঠানের শেষে উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

ভোক্তা পর্যায়ে দাম কমলো এলপিজি গ্যাসের

সারাদেশে ভোক্তা পর্যায়ে কমানো হলো তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম কমানোর নতুন ঘোষণা দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। গত মাসের থেকে চলতি মাসে ১২ কেজির সিলিন্ডারের দাম ৩০ টাকা কমিয়ে ১ হাজার ৩৬৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

আজ সোমবার (৩ জুন) সন্ধ্যা ৬টা থেকেই এ নতুন দাম কার্যকর হবে।

এর আগে বিইআরসি চেয়ারম্যান নূরুল আমিন গণমাধ্যমকে জানান, জুন মাসের জন্য ১২ কেজির এলপিজির দাম ১ হাজার ৩৯৩ টাকা থেকে ৩০ টাকা কমিয়ে ১ হাজার ৩৬৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

এর আগে গত ২ মে ভোক্তা পর্যায়ে মে মাসের জন্য ১২ কেজির সিলিন্ডারের দাম এপ্রিল মাসের তুলনায় ৪৯ টাকা কমিয়ে ১ হাজার ৩৯৩ টাকা নির্ধারণ করা হয়। এছাড়া, টানা ৮ মাস বাড়ার পর গত ৩ এপ্রিল ভোক্তা পর্যায়ে কমানো হয়েছিল এলপিজির দাম। মার্চ মাসের তুলনায় এপ্রিল মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম ৪০ টাকা কমিয়ে ১ হাজার ৪৪২ টাকা নির্ধারণ করা হয়। আর গত মার্চ মাসে ১২ কেজি সিলিন্ডারের দাম

৮ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৮২ টাকা, ফেব্রুয়ারিতে ৪১ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৭৪ টাকা ও জানুয়ারিতে ২৯ টাকা বাড়িয়ে ১ হাজার ৪৩৩ টাকা নির্ধারণ করা হয়েছিল।

একইসঙ্গে সোমবার অটোগ্যাসের দামও কমিয়েছে বিইআরসি। জুন মাসে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬২ টাকা ৫৩ পয়সা নির্ধারণ করা হয়েছে।

আর গত মে ও এপ্রিলে অটোগ্যাসের দামও কমিয়েছিল বিইআরসি। মে ও এপ্রিলে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬৩.৯২ টাকা ও ৬৬.২১ টাকা নির্ধারণ করেছিল সংস্থাটি। আর মার্চ মাসে ভোক্তা পর্যায়ে অটোগ্যাসের মূসকসহ দাম প্রতি লিটার ৬৮.০৫ টাকা নির্ধারণ করা হয়। গত ফেব্রুয়ারি ও জানুয়ারি মাসে যা মূসকসহ নির্ধারণ করা হয়েছিল যথাক্রমে ৬৭.৬৮ টাকা ও ৬৫.৬৭ টাকা।

গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বিইআরসি জানিয়েছে, জুন মাসের জন্য সৌদি আরামকোর প্রোপেন এবং বিউটেনের ঘোষিত সৌদি সিপি প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৮০ মার্কিন ডলার ও ৫৬৫ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় সৌদি সিপি প্রতি মেট্রিক টন ৫৭০ দশমিক ২৫ মার্কিন ডলার বিবেচনায় জুন মাসের জন্য বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের দাম ভোক্তা পর্যায়ে সমন্বয় করা হলো।

সূত্র: ইত্তেফাক

সরকারি অফিস সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত

সারাদেশে আবারো স্বাভাবিক নিয়মে ফিরে যাচ্ছে দেশের সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি। পবিত্র ঈদুল আজহার ছুটির পরে দেশের এসব অফিস চলবে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

আজ সোমবার (৩ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এ সময়সূচি নির্ধারণ করা হয়।

পরে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন সচিবালয়ে ব্রিফিংয়ের মাধমে সাংবাদিকদের এ তথ্য জানান।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে আফ্রিকান প্রজাতির ৮ লক্ষ টাকা মুল্যের পাখি জব্দ

ভারতে পাচারের উদ্যোশ্যে ঢাকা থেকে নিয়ে আসা ৮টি আফ্রিকান বিরল জাতের “ওপেন বিল” পাখি উদ্ধার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) মেহেরপুর সিপিসি-৩ সদস্যরা। পরে ভ্রাম্যমান আদালত বসিয়ে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

আটককৃত চালক আশরাফ আলী বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার নলবুনিয়া গ্রামের মত নুর ইসলামের ছেলে।

জানা গেছে, রোববার (২ জুন) দিবাগত রাতে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের গাংনী উপজেলার চোখতোলা নামক স্থান থেকে একটি প্রাইভেট কার যার নম্বর ঢাকা (মেট্রো-গ ২৭-৩৭৩৮) থেকে পাখিগুলো উদ্ধার করা হয়। এসময় প্রাইভেট কারের চালক আশরাফ আলীকে আটক করা হয়।

র্যাব-১২ এর সিপিসি মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার মনিরুজ্জামান এই অভিযানের নেতৃত্ব দেন।

পরে রাত পৌনে ১২ টার দিকে ভ্রাম্যমান আদালতে সোপর্দ করলে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা তাকে ১০ হাজার টাকা জরিমানা করেন ও জব্দকৃত পাখিগুলো ঢাকা বঙ্গবন্ধু সাফারি পার্ক কতৃপক্ষের নিকট হস্তান্তরের নির্দেশ দেন।

র্যাব-১২ এর সিপিসি মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার মনিরুজ্জামান বলেন, পাখিগুলো দু’টি কাঠের তৈরি বক্সে করে চোরাচালানের উদ্দেশ্যে প্রাইভেট কার যোগে ঢাকার হেমায়েতপুর থেকে ভারতে পাচারের উদ্দেশ্যে মুজিবনগরের দিকে নিয়ে যাওয়া হচ্ছিল। গাংনী উপজেলার চোখতোলা নামক স্থান থেকে পাখিগুলোসহ বহনকারী প্রাইভেট কারের চালককে আটক করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রীতম সাহা বলেন, পাখি বহনের অনুমোদনের কাগজপত্র ও বিদেশী পাখির পায়ে কোন রিং বা ট্যাগ না থাকায় বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন-২০১২ এর ৩৯ ধারা লঙ্ঘনের অভিযোগ এনে ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

এসময় র্যাব-১২ এর সিপিসি-৩ এর গাংনী ক্যাম্পের কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, মেহেরপুর জেলা বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা (এসএফএনটিসি) এসটি হামিম হায়দার উপস্থিত ছিলেন।

বন কর্মকর্তা এসটি হামিম হায়দার জানান, পাখিগুলোর নাম আফ্রিকান ওপেন বিল। পাখিগুলোর আনুমানিক মূল্য প্রায় ৮ লাখ টাকা। পাখিগুলো ঢাকা বঙ্গবন্ধু সাফারি পার্ক কতৃপক্ষের নিকট হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন।